

বিষয়ঃ মুক্তিযুদ্ধ ভিত্তিক বই ক্রয়, সংগ্রহ ও বিতরণ নীতিমালা ২০২০ (সংশোধিত)

১। শিরোনামঃ

এ নীতিমালা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ‘মুক্তিযুদ্ধ ভিত্তিক বই ক্রয়, সংগ্রহ ও বিতরণ নীতিমালা ২০২০ (সংশোধিত)’ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞাঃ

‘মুক্তিযুদ্ধ ভিত্তিক বই’ বলতে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ সম্পর্কিত ও স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শের উপর এবং বিশ্বের অন্যান্য জাতিগোষ্ঠীর স্বাধীনতা সংগ্রামের উপর রচিত সকল বই, সাময়িকী, পত্রিকা, জার্নাল, ম্যাগাজিন, লিটল ম্যাগাজিন ইত্যাদিকে বুঝাবে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর উপর রচিত বইয়ের সফটওয়্যার, সিডি, ডিভিডি ইত্যাদি এর অন্তর্ভুক্ত হবে।

৩। উদ্দেশ্যঃ

- ক) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংরক্ষণ;
- খ) দেশের সর্বস্তরের জনসাধারণ এবং নতুন প্রজন্মের নিকট মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও বঙ্গবন্ধুর জীবনাদর্শ তুলে ধরা;
- গ) নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিতকরণ ও সামগ্রিকভাবে মুক্তিযুদ্ধের চেতনার বিস্তৃতি ঘটানো;
- ঘ) মুক্তিযুদ্ধ ভিত্তিক বই রচনায় উৎসাহ প্রদান;
- ঙ) প্রাতিষ্ঠানিকভাবে বঙ্গবন্ধুর উপর রচিত ও মুক্তিযুদ্ধ ভিত্তিক বই সংরক্ষণের উদ্যোগ গ্রহণ।

৪। বই নির্বাচনঃ

মুক্তিযুদ্ধ ভিত্তিক ও বঙ্গবন্ধুর উপর রচিত বই নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করা হবে:-

- (১) বইসমূহ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সাথে সংশ্লিষ্ট হতে হবে;
- (২) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শের উপর রচিত, কাব্যগ্রন্থ, গল্প, প্রবন্ধ, উপন্যাস, নিবন্ধ, গবেষণাধর্মী রচনা, চিত্রনাট্য, নাটক, স্মৃতিকথা ইত্যাদি সংক্রান্ত বাংলা ও ইংরেজী ভাষার পুস্তক, সাময়িকী, জার্নাল, সফটওয়্যার, সিডি, ডিভিডি ইত্যাদি নির্বাচন ও ক্রয় করা যাবে;
- (৩) বিশ্বের অন্যান্য জাতি গোষ্ঠীর স্বাধীনতা সংগ্রামের উপর রচিত পুস্তকসমূহ নির্বাচন করা যাবে;
- (৪) এই নীতিমালার আওতায় গঠিত ‘বই নির্বাচন ও ক্রয় কমিটি’ মুক্তিযুদ্ধ ভিত্তিক ও বঙ্গবন্ধুর উপর রচিত বই নির্বাচন ও ক্রয়ের জন্য তালিকা প্রণয়ন করবেন।

৫। ক্রয় পদ্ধতিঃ

- (১) পুস্তক ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসৃত হবে।
- (২) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত বই-পত্র সরাসরি ক্রয় করা যাবে;
- (৩) কপিরাইট আইনের পরিপন্থী বই/পাঠ সামগ্রী ক্রয় করা যাবে না;
- (৪) বঙ্গবন্ধুর উপর রচিত ও মুক্তিযুদ্ধ ভিত্তিক বইয়ের তালিকা প্রণয়ন করতঃ বই নির্বাচন ও ক্রয় কমিটি কর্তৃক নির্বাচিত বই সচিবের অনুমোদন গ্রহণপূর্বক ক্রয় করা হবে;
- (৫) বিশ্বের বিভিন্ন দেশে প্রকাশিত ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের উপর বাংলা ও ইংরেজী ভাষায় রচিত বই ক্রয় করা যাবে। তবে বাংলাদেশে প্রকাশিত মুক্তিযুদ্ধ ভিত্তিক বইকে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (৬) মুক্তিযুদ্ধ ভিত্তিক গবেষণাপূর্বক মান উন্নয়ন ও তথ্য সেবার স্বার্থে বাংলা, ইংরেজী ও অন্যান্য ভাষার পত্র-পত্রিকা, সাময়িকী, জার্নাল, রিপোর্ট, বার্ষিকী ইত্যাদি ক্রয় পূর্বক বাধাই করে সংরক্ষণ করা হবে।



৬। বই ক্রয়ের অর্থের উৎসঃ

- (১) সরকারি মঞ্জুরী/বরাদ্দ;
- (২) অন্য কোন বৈধ উৎস হতে প্রাপ্ত মঞ্জুরী/অনুদান/সাহায্য।

৭। বই নির্বাচন ও ক্রয় কমিটিঃ

মুক্তিযুদ্ধ ভিত্তিক বই ক্রয়ের উদ্দেশ্যে মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত 'বই নির্বাচন ও ক্রয় কমিটি' দায়িত্ব পালন করবেন।

- ১) যুগ্মসচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা -আহ্বায়ক
- ২) উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা -সদস্য
- ৩) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের একজন প্রতিনিধি -সদস্য
- ৪) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের একজন প্রতিনিধি -সদস্য
- ৫) উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা -সদস্য-সচিব

৮। বই বিতরণ/সরবরাহ পদ্ধতিঃ

মুক্তিযুদ্ধ ভিত্তিক বই সংগ্রহে আগ্রহী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে বিনামূল্যে অনুদান হিসেবে বই বিতরণ করবে। বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে বই সংগ্রহের আবেদনপত্রে উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক (প্রযোজ্য ক্ষেত্রে) এর সুপারিশ থাকতে হবে।


নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ পুস্তক প্রাপ্তির জন্য আবেদনযোগ্য হবে:-

- ক) জাতীয় পর্যায়ে কেন্দ্রীয় গণগ্রন্থাগার/লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- খ) জেলা ও উপজেলা পর্যায়ে গণগ্রন্থাগার/লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- গ) দেশের সরকারি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- ঘ) সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- ঙ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- চ) উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ও মুক্তিযোদ্ধাদের স্মৃতি জাদুঘর এর লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার;
- ছ) বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহের লাইব্রেরি/পাঠাগার/গ্রন্থাগার।

৯। এ নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

১০। বাস্তবতার নিরিখে এবং প্রয়োজনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এ নীতিমালার কোন অংশ সংযোজন/ বিয়োজন/ পরিবর্তন/ পরিবর্ধন করতে পারবে।

১১। এ নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গন্য করা হবে।


২৩/৬/২০২০
সচিব

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়